ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর বোসপাড়া বিএনপি অফিসের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খান, সাবেক ছাত্রনেতা আহমেদ রনি সহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা।

পরে থ্যালাসেমিয়া রোগী আক্রান্ত দুইটি শিশুকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি স্বেচ্ছায় রক্তদান করেন ও প্রধান অতিথি মাসুদ অরুন সেই দুইটি শিশুর পরিবারের হাতে রক্তের ব্যাগ তুলে দেন।

মেহেরপুরে ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রদল বিভিন্ন কর্মসূচি পালন করে।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকালে মেহেরপুর কলেজ মাঠে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন ও ছাত্রদলের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে করে এই কর্মসূচি শুরু করে।

পরে মেহেরপুর সরকারি কলেজ মাঠ থেকে মেহেরপুর জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমানের নেতৃত্বে র্যালি বের হয়ে মেহেরপুরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এ সময় র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদল সহ সভাপতি নাহিদ মাহবুব সানি, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সভাপতি জুয়েল রানা, জেলা ছাত্রদল যুগ্ম সম্পাদক আমির হাসান হিমেল, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক নাজির আহমেদ, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ সাকিল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল প্রমুখ।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক

রেজাউল করিম, সাবেক ছাত্রনেতা ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ নাজমুল হক লিটন, সাবেক পৌর সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক দল, জেলা বিএনপি সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে জেলা বিএনপির আলোচনা সভা

মেহেরপুর জেলা বিএনপি’র নবগঠিত আহবায়ক কমিটির নির্দেশে দলকে সুসংগঠিত করার লক্ষ্যে দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র কার্যালয় উদ্বোধন ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) বিকেলে দারিয়াপুর বাজারে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি শামসুজ্জোহা (মাস্টার) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, পৌরসভার সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান,আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা।

পরে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির প্রধান কার্যালয়ে উদ্বোধন করেন উপস্থিত অতিথিবিন্দুরা।

মেহেরপুরে রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা শীর্ষক আলোচনা সভা

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার ভূমিকার শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (৩১ ডিসেম্বর) বিকেলে বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে কাথুলী রোডের খান কমিউনিটি সেন্টারে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সম্মিলিত পেশাজীবী পরিষদের আহ্বায়ক ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক নাজমুল হক

লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন

এ সময় তিনি বলেন পেশাজীবী সমাজ বাংলাদেশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পাঠ। এই পেশাজীবী সমাজে শিক্ষক আছে, এডভোকেট আছে, ডাক্তার আছে, ইঞ্জিনিয়ার আছে এ ছাড়াও অনেকেই আছে যারা বাংলাদেশের প্রত্যেকটি অঙ্গে অঙ্গে জড়িত। তাই এই পেশাজীবীদের সংগঠনের প্রতি আহ্বান জানায় আপনারা আপনাদের জায়গা থেকে সর্বোচ্চ দায়িত্ব পালন করে জনগণকে বুঝিয়ে আগামী দিনে বিএনপি জনগণের ভোট পেয়ে যেন রাষ্ট্র ক্ষমতা পরিচালনার সুযোগ পায় সেই দায়িত্ব কিন্তু আপনাদের অনেক অনেক বেশি।

এ সময় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের মহাসচিব জাকির হোসেন।

মেহেরপুর জেলা সম্মিলিত পেশাজীবী পরিষদের সদস্য সচিব অ্যাডভোকেট আব্দুল আলীমের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. কামরুল হাসান, মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক আইন বিষয়ক সম্পাদক আবু সালে মোহাম্মদ নাসিম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাপি, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, জেলা জাসাসের সাধারণ সম্পাদক বাকী বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবকের দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, মেহেরপুর পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, বিএনপি নেতা নাহিদ আহমেদ সহ বিভিন্ন নেতাকর্মীরা।

এর আগে আলোচনা সভায় উপস্থিত অতিথিদেরকে বিভিন্ন নেতাকর্মীরা ফুলেল শুভেচ্ছা জানান।

মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও গণসংযোগ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা, লিফলেট বিতরণ ও গণসংযোগ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

রবিবার (২৯ ডিসেম্বর) বিকেল ৩টায় সদর উপজেলার আমদাহ ইউনিয়নের বামনপাড়া থেকে শুরু হয় এই পথসভা, লিফলেট বিতরণ এবং গণসংযোগ। পর্যায়ক্রমে আমদাহ ও আশরাফপুর গ্রামেও গণসংযোগ পরিচালিত হয়।

এই কর্মসূচির নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তার সঙ্গে ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মাদ।

নেতারা জানান, তারেক রহমান প্রদত্ত ৩১ দফার মূল লক্ষ্য হলো গণতন্ত্র পুনরুদ্ধার, সুশাসন প্রতিষ্ঠা, ও জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করা। এসব দফার গুরুত্ব তুলে ধরতে লিফলেট বিতরণ ও সরাসরি জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে প্রচারণা চালানো হচ্ছে।

এসময় জেলা বিএনপি’র সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান, আনসারুল হক, মীর ওমর ফারুক, ওমর ফারুক লিটন, সাবেক সহ-সাধারণ সম্পাদক এম এ কে খায়রুল বাশার, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, সাবেক সদস্য আলমগীর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, বিএনপি নেতা জমিরুল ইসলামসহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণের সময় মেহেরপুর জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) বিকেলে দিকে মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্রবীণ বিএনপির নেতাদের সাথে এই সৌজন্য সাক্ষাৎ করেন।

সে সময় বিএনপির সাবেক নেতা আব্দুর রশিদ, তকবির হোসেন, আসাদুল, আজিম উদ্দিন, সাইফুল ইসলাম, নুরুলনবী বাবু উপস্থিত ছিলেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, মেহেরপুর জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাভলু, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের যুগ্ম আহবায়ক মশিউর আলম দিপু, বিএনপি’র নেতা নাহিদ আহমেদ, পৌরসভা ৬নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক জনি, পৌরসভার ২নং ওয়ার্ডের যুবদল নেতা ইমন বিশ্বাস সহ বিভিন্ন নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে জেলা বিএনপি’র আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

গাংনীতে জামায়াতের শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর গাংনী পৌর শাখার ৮ নং ওয়ার্ডের এক কর্মী শিক্ষা শিবির (টিএস) অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলা জামায়াতের কার্যালয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌরসভার ৮ নম্বর জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত টি এস এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম, মেহেরপুর সদর জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, জেলা কর্মপরিষদ ও সূরা সদস্য নাজমুল হুদা।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন পৌর জামায়াতের বাইতুলমাল ও রাজনৈতিক সেক্রেটারি মাওলানা জিল্লুর রহমান, ৮ নম্বর ওয়ার্ড সেক্রেটারি মোঃ মনিরুল ইসলাম, ৭ নম্বর ওয়ার্ড সভাপতি মোঃ তমিজ উদ্দিন

প্রমুখ।

মেহেরপুরে হিন্দু,বৌদ্ধ ও খ্রীস্টান ঐক্যপরিষদের নেতৃবৃন্দের সাথে বিএনপির মতবিনিময় সভা

বাংলাদেশ পুজা উৎযাপন পরিষদ ও হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ মেহেরপুর জেলার শাখার নেতৃবৃন্দের সাথে জেলা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৬ডিসেম্বর)বিকালে জেলা বিএনপির কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা হিন্দু বৌদ্ধ ও খ্রিষ্টান ঐক্য পরিষদের আহবায়ক মাধবচন্দ্র ভাস্করের সভাপতিত্বে এবং পুজা উৎায়াপন পরিষদের সদস্যসচিব ডঃ অশোক চন্দ্র বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্যসচিব এ্যাডঃ কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ ও জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা পুজা উৎযাপন পরিষদের আহবায়ক সনজিৎ পাল বাপ্পি, জেলা হিন্দু,বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদের সদস্যসচিব সুব্রত সাহা বাপ্পা, ঐক্য পরিষদের উপজেলা সভাপতি বাসরী মোহন দাস, উপজেলা শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ ভট্রাচার্য, পৌর পুজা উৎযাপন পরিষদের সহসভাপতি বিজয় দাস, পুজা উৎযাপব পরিষদের সাধারণ সম্পাদক তরুন কুমার বিশ্বাস,পুজা উৎযাপন পরিষদের যুগ্ম সম্পাদক অপুর্ব কুমার বিশ্বাস, যুগ্ম সম্পাদক শিপন কুমার বিশ্বাসসহ হিন্দু, বৌদ্ধ,ও খ্রিষ্টান, ঐক্যপরিষদের,নেতৃবৃন্দ

উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ জেলা কৃষকদলের আহবায়ক কমিটি বাতিল দাবিতে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ জেলা কৃষকদলের আহবায়ক কমিটি বাতিল ও ওসমান আলী বিশ্বাসকে কৃষকদলের সকল পদ থেকে অপসারণের দাবিতে সংবাদ সম্মেলন করেছে জেলা, উপজেলা ও পৌর কৃষকদলের পদত্যাগ কারী নেতাকর্মীরা।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ শহরের একটি রেস্টুরেন্টে এ সংবাদ সম্মেলন করেন পদত্যাগ কারী নেতাকর্মীরা।
সেসময় লিখিত অভিযোগটি পাঠ করেন, ঝিনাইদহ জেলা কৃষকদলের যুগ্ম-আহবায়ক হাফিজুর রশিদ (স্বপন)।

তিনি বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদল সদর উপজেলা ও পৌর শাখার আহবায়ক কমিটি ঘোষিত হয়েছে। ঘোষিত কমিটিতে দীর্ঘদিনের পোড় খাওয়া ত্যাগি নেতা কর্মীদের বাদ দিয়ে দীর্ঘদিন যারা রাজনীতির সাথে নেই এমন ব্যক্তিদেরকে কমিটিতে গুরুত্বপূর্ণ পদে আনা হয়েছে। যেটা দলের জন্য ক্ষতির কারণ। এই কমিটি যিনি অনুমোদন করেছেন তিনি একক সিদ্ধান্তে নিজস্ব আত্মীয়-স্বজন এবং তার ব্যক্তিগত কর্মচারীদের এই কমিটিতে অন্তর্ভূক্ত করেছেন।

অভিযোগে আরও বলেন, কেন্দ্রীয় কৃষকদলের নির্বাহী কমিটির সহ-সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কৃষকদলের সাংগঠনিক সম্পাদক ও ঝিনাইদহ জেলা কৃষকদলের আহবায়ক মোঃ ওসমান আলী বিশ্বাস অর্থের বিনিময়ে এ সকল পদ বেচাকেনা করেছে। আমরা এই কমিটির বাতিল চাই এবং ওসমান আলী বিশ্বাসের অব্যাহতি চাই।

এছাড়াও অভিযোগে আরও বলেন, আমাদের নেতা বিএনপির ভাইস চেয়ারম্যান তারেক রহমান সবসময় বলেন, এক নেতার এক পদ কিন্তু ওসমান আলী বিশ্বাস একাই ৫টি পদ দখল করে আছেন। সেসময় সংবাদ সম্মেলনে উপস্থিত

ছিলেন, ঝিনাইদহ জেলা কৃষকদলের যুগ্ম-আহবায়ক লাবলুর রহমান (বাবলু), কামাল হোসেন, আব্দুর রউফ, জেলা কৃষকদলের সদস্য আবু জাফর ও পৌর কৃষকদলের যুগ্ম-আহবায়ক শহীদুল ইসলামসহ অন্যান্যরা। সংবাদ সম্মেলনে জেলা, উপজেলা ও পৌর কৃষকদলের ৯০ জন নেতাকর্মী পদত্যাগ করেন।

উল্লেখ্য, গত ১১ ডিসেম্বর দেশের ৬৩টি জেলায় কৃষকদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হলেও ঝিনাইদহে পালিত হয়নি। এমনকি ১৪ ডিসেম্বব বুদ্ধিজীবি দিবস ও মহান বিজয় দিবস পালন করেনী বলেও অভিযোগ করেন তারা।